সরল চীনা ব্যাকরণ
简单的汉语语法

নতুন সংস্করণ

চীনা শিক্ষা মন্ত্রণালয় থেকে ২০২১ সালের ৩১ মার্চ প্রকাশিত ম্যানুয়াল অনুসারে রচিত

রচনা ও সম্পাদনাঃ ড. মোহাম্মদ সাদী

সম্পাদনা সহযোগীঃ ইয়াসমিন আক্তার ইতি

ইদাই-ইলু প্রকাশনী

অনুবাদ ও সম্পাদনাঃ ড. মোহাম্মদ সাদী
সম্পাদনা সহযোগীঃ ইয়াসমিন আক্তার ইতি
প্রথম প্রকাশ জুলাই-২০২১
পরিমার্জিত প্রকাশ জানুয়ারি-২০২৫

সরল চীনা ব্যাকরণ
ইদাই-ইলু প্রকাশনী
১৫/ক, শ্যামলী বাসস্ট্যান্ড, মিরপুর সড়ক
ঢাকা-১২০৭
ফোনঃ ০৯৬১৭৭৭৮৮৮৮, ০১৭০০৮১৬৮৮৮
ইমেইল :sadycab888@gmail.com.
facebook.com/yidaiyilupublications
https://yidaiyilupublications.com/.

প্রচ্ছদ
রাহাত চৌধুরী
মুদ্রণ
স্যালভো এ্যাড প্রিন্ট,
১৭৮, এলিফেন্ট রোড, ঢাকা

পরিবেশনায়
উই স্পিক চাইনিজ ক্লাব
বাংলাদেশ ইন্টারপ্রেটারস এসোসিয়েশন
সাকিব বুক সেন্টার, ৭নং গলি, নীলক্ষেত, ঢাকা

মূল্যঃ ৩৫০ টাকা

ISBN: 978-984-36-0536-8

"Shorol China Byakoron" Easy Chinese Grammar; Compiled and Edited by: Dr. Mohammed Sady. Published by: Yidai Yilu Publications, 15/Ka, Shyamoli busstand, Mirpur Road, Dhaka; Printed by: Salvo Add printers, 178, Elephant road; distributed by Sakib Book Center, Goli no.7, Nillkhet, Dhaka. First print: July 2021. Revised print: March 2024. Price: Tk. 350 / RMB 35.

前言 ভূমিকা

চীনা ভাষা শেখা এখন বাংলাদেশের মানুষদের জন্য অতিশয় গুরুত্বপূর্ণ। কারণ বর্তমানে চীনদেশের অর্থনীতি ও রাজনীতি আমাদের তথা বিশ্বের জন্য অনেক গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। তাছাড়া ঐতিহাসিক, রাজনৈতিক ও অর্থনৈতিক দিক দিয়ে বাংলাদেশ চীন বহু দিনের পুরাতন বন্ধু। ১৯৪৭ সালে বৃটিশ উপনিবেশ থেকে স্বাধীন হওয়ার সময় প্রহসনমূলক বিভাজনের মাধ্যমে বাংলাদেশের প্রায় অর্ধাংশ ভারতে পরিণত হওয়ার আগ পর্যন্ত বাংলাদেশের সাথে চীনদেশের সরাসরি সীমান্ত থাকায় ইতিহাসের সব পর্বেই দু'দেশের মধ্যে বেশ যোগাযোগ ছিল। এক্ষেত্রে বহু সংখ্যক বাংলা শব্দের সাথে চীনা শব্দের উচ্চারণ ও অর্থগত মিল লক্ষণীয়। বাংলা ব্যাকারনের সিঙ্গেও চীনা ব্যাকারনের অনেক মিল রয়েছে।

নিত্য প্রয়োজনীয় পণ্য থেকে বিলাস দ্রব্য পর্যন্ত প্রায় সব ধরনের পণ্যই এখন চীন থকে আসছে। বাংলাদেশি পণ্যের চিনদেশে যাওয়াটাও ক্রমান্বয়ে বাড়ছে। বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে চীনের রয়েছে বিপুল বিনিয়োগ। এছাড়াও চীনদেশের অনেক ব্যবসায়ী বাংলাদেশে ব্যবসা শুরু করেছেন। অর্থনৈতিক বিবেচনায় চীন বাংলাদেশের এক অপরিহার্য বন্ধু। দুই দেশের সম্পর্কের আরও বহু দিক বলাই বাহুল্য। এটি বাংলাদেশের জন্য এক বিপুল সম্ভাবনার সূচনা। এই সম্ভাবনাকে কাজে লাগাতে বাংলাভাষীদের চিনাভাষা শেখা খুবই গুরুত্বপূর্ণ। এছাড়াও পূর্ব এশিয়ার দেশগুলোতে চিনা ভাষা হচ্ছে দ্বিতীয় ভাষা এবং আন্তঃদেশীয় যোগাযোগ মাধ্যম। সুতরাং চীনদেশ ছাড়াও পূর্ব এশিয়ার অন্যান্য দেশের সাথে আমাদের আরও ভালো যোগাযোগ গড়তেও চীনা ভাষা শিক্ষা অপরিহার্য।

এই বইতে ২০২১ সালের ৩১ মার্চ চীনা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চীনা স্তর পরীক্ষা-৬ (HSK 6) এর পাঠ্যক্রম ম্যানুয়াল এবং বেইজিং ল্যাংগুয়েজ এন্ড কালচার ইউনিভার্সিটি প্রেস কর্তৃক ২০০৯ সালে প্রকাশিত "শিইওং হানউয়ি উয়িফা 实用汉语语法" বইটি অনুসরণ করা হয়েছে। চীনা ব্যাকরনের পরবর্তী অংশ করার জন্য আমাদের চেষ্টা অব্যহত থাকবে। বইটিতে কোনো ধরনের ভুল অথবা আপনার কোনো মূল্যবান পরামর্শ অনুগ্রহ করে আমাদের কাছে (sadycab888@gmail.com) এই ঠিকানায় ইমেইল করুন, পরবর্তী সংস্করণে আমরা সেগুলো গ্রহণ করতে সচেষ্ট থাকব। আর বইটি চীনা ভাষা শিক্ষার্থীদের উপকারে আসলে আমরা ধন্য হব।

মোঃ সাদী

目录 সূচিপত্র

বিষয়	চীনা	পৃষ্ঠা
চীনাভাষা পরিচিতি	汉语简介 hànyǔ jiǎnjiè	07
চীনা অক্ষর ও তা লেখার কৌশল	汉子和写法 hànzi hé xiěfǎ	09
চীনা অক্ষরের উচ্চারণ	汉字的发音 hànzì de fǎyīn	10
চীনা অক্ষরের স্বরমাত্রা	汉语声调 hànyǔ shēngdiào	12
প্রথম স্তরের ব্যাকরণ	*一级语法 yījí yǔfǎ*	*14*
ক্রিয়া পদ	动词 dòngcí	18
সর্বনাম পদ	代词 dàicí	19
পরিমাপবাচক শব্দ	量词 liàngcí	22
ক্রিয়াবিশেষণ	副词 fùcí	22
বাক্যাংশ	短语 duǎnyǔ	28
কর্তা, বিষয়, উদ্দেশ্য	主语 zhǔyǔ	28
কর্মপদ	宾语 bīnyǔ	29
প্রশ্নবোধক বাক্য	疑问句 yíwènjù	32
বিশেষ ধরণের বাক্য	特殊句型 tèshū jù xíng	34
তুলনামূলক বাক্য	比较句 bǐjiào jù	36
প্রশ্ন করার পদ্ধতি	提问的方法 tíwèn de fāngfǎ	40
সম্বন্ধ পদ	相关词 xiāngguān cí	42
বচন	数量 shù liàng	44
লিঙ্গান্তর	性别 xìng bié	45
ক্রিয়ার কাল	时态 shí tài	46
দ্বিতীয় স্তরের ব্যাকরণ	*二级语法 èr jí yǔfǎ*	*51*
ক্রিয়া পদ	动词 dòngcí	52
বিশেষণ পদ	形容词 xíngróngcí	54
পরিমাপবাচক শব্দ	量词 liàngcí	55
ক্রিয়াবিশেষণ	副词 fùcí	56
সর্বনাম পদ	代词 dàicí	53
বাক্যাংশ	短语 duǎnyǔ	65
স্থিতিশীল কাঠামো	固定格式 gùdìng géshì	70
বিধেয়	谓语 wèiyǔ	71
বাক্য পরিপূরক	补语 bǔyǔ	72
বিশেষ ধরণের বাক্য	特殊句型 tèshū jù xíng	76
তুলনামূলক বাক্য	比较句 bǐjiào jù	77

ধারাবাহিক ক্রিয়া বাক্য	连动句 lián dòng jù	77
জটিল বাক্য	复句 fùjù	80
প্রশ্ন করার পদ্ধতি	提问的方法 tíwèn de fāngfǎ	89
কথ্য ভাষার কাঠামো	口语格式 kǒuyǔ géshì	89
তৃতীয় স্তরের ব্যাকরণ	***三级语法 sān jí yǔfǎ***	*93*
বিভাজ্য শব্দ	离合词 líhé cí	95
ক্রিয়া পদ	动词 dòngcí	93
পরিমাপবাচক শব্দ	量词 liàngcí	98
ক্রিয়াবিশেষণ	副词 fùcí	99
সর্বনাম পদ	代词 dàicí	95
বাক্যাংশ	短语 duǎnyǔ	109
স্থিতিশীল কাঠামো	固定格式 gùdìng géshì	112
কর্তা, বিষয়, উদ্দেশ্য	主语 zhǔyǔ	114
কর্মপদ	宾语 bīnyǔ	114
বাক্য পরিপূরক	补语 bǔyǔ	115
বিশেষ ধরণের বাক্য	特殊句型 tèshū jù xíng	120
ধারাবাহিক ক্রিয়া বাক্য	连动句 lián dòng jù	122
"পা "বাক্য	“把”字句 “bǎ” zìjù	122
জটিল বাক্য	复句 fùjù	124
তুলনামূলক বাক্য	比较句 bǐjiào jù	122
কথ্য ভাষার কাঠামো	口语格式 kǒuyǔ géshì	131
প্রশ্ন করার পদ্ধতি	提问的方法 tíwèn de fāngfǎ	133
চতুর্থ স্তরের ব্যাকরণ	***四级语法 sì jí yǔfǎ***	*135*
পরিমাপবাচক শব্দ	量词 liàngcí	134
ক্রিয়া পদ	动词 dòngcí	134
ক্রিয়াবিশেষণ	副词 fùcí	135
সর্বনাম পদ	代词 dàicí	134
বাক্যাংশ	短语 duǎnyǔ	142
স্থিতিশীল কাঠামো	固定格式 gùdìng géshì	144
বিশেষ ধরণের বাক্য	特殊句型 tèshū jù xíng	147
কর্তা, বিষয়, উদ্দেশ্য	主语 zhǔyǔ	145
জটিল বাক্য	复句 fùjù	151
বাক্য পরিপূরক	补语 bǔyǔ	147
"পা "বাক্য	“把”字句 “bǎ” zìjù	150
কথ্য ভাষার কাঠামো	口语格式 kǒuyǔ géshì	160

পঞ্চম স্তরের ব্যাকরণ	***五级语法　wǔ jí yǔfǎ***	*167*
পরিমাপবাচক শব্দ	量词　　liàngcí	166
ক্রিয়াবিশেষণ	副词　　fùcí	167
সর্বনাম পদ	代词　　dàicí	166
বাক্যাংশ	短语　　duǎnyǔ	173
স্থিতিশীল কাঠামো	固定格式　gùdìng géshì	177
কর্মপদ	宾语　　bīnyǔ	179
বিশেষ ধরণের বাক্য	特殊句型　tèshū jù xíng	184
বাক্য পরিপূরক	补语　　bǔyǔ	180
ধারাবাহিক ক্রিয়া বাক্য	连动句　　lián dòng jù	187
জটিল বাক্য	复句　　fùjù	189
"পা "বাক্য	“把”字句　“bǎ” zìjù	187
তুলনামূলক বাক্য	比较句　　bǐjiào jù	187
কথ্য ভাষার কাঠামো	口语格式　kǒuyǔ géshì	196
ষষ্ঠ স্তরের ব্যাকরণ	***六级语法　liù jí yǔfǎ***	*205*
পরিমাপবাচক শব্দ	量词　　liàngcí	206
ক্রিয়াবিশেষণ	副词　　fùcí	207
সর্বনাম পদ	代词　　dàicí	208
বাক্যাংশ	短语　　duǎnyǔ	213
স্থিতিশীল কাঠামো	固定格式　gùdìng géshì	217
বিশেষ ধরণের বাক্য	特殊句型　tèshū jù xíng	219
জটিল বাক্য	复句　　fùjù	221
কর্মপদ	宾语　　bīnyǔ	218
বাক্য পরিপূরক	补语　　bǔyǔ	219
"পা "বাক্য	“把”字句　“bǎ” zìjù	222
কথ্য ভাষার কাঠামো	口语格式　kǒuyǔ géshì	230
পরিশিষ্ট	***附录　　fùlù***	*235*
চাকরীর আবেদন	求职申请书　qiúzhí shēnqǐng shū	236
ছুটির আবেদন	请假条　qǐngjià tiáo	237
জীবনবৃতান্ত	简历　jiǎn lì	240
নমুনা বক্তৃতা	演讲格式　yǎnjiǎng géshì	242
অনুচ্ছেদ লিখন	写段落　xiě duànluò	248
বাগধারা	谚语　yàn yǔ	256
পরিমাপবাচক শব্দমালা	量词汇　liàngcíhuì	268
দৈনন্দিন ব্যবহৃত কিছু বাক্য	日常用句子　rì chángyòng jùzi	275

汉语简介 hànyǔ jiǎnjiè চীনাভাষা পরিচিতি

চীনদেশের ভাষা চীনাভাষা নামে পরিচিত। চীনারা একে হানউঈ (汉语 hàn yǔ) নামে অভিহিত করে থাকেন। চীনা ভাষার বয়স ৫০০০ বছরের বেশি। এই ভাষার লিখিত অক্ষরের বয়স ৩০০০ বছরের বেশি। এদেশে ১২৫০ খ্রীষ্টপূর্বাব্দের প্রাচীন শিলালিপি পাওয়া গেছে। কচ্ছপের খোলের উপর লেখা অনেক নথিও পাওয়া গেছে। চীনদেশ আয়তনে এবং জনসংখ্যায় অনেক বড় হওয়ায় এদেশে অনেক শক্তিশালী আঞ্চলিক উপভাষা আছে। তবে সকলের সাধারণ ব্যবহারের জন্য সরকারি ভাষা হিসাবে আছে ফুথোংহুয়া (普通话 pǔtōnghuà)। ১৯৫৬ সালে ফুথোংহুয়াকে বর্তমান চিনদেশের রাষ্ট্রীয় ভাষা হিসাবে গ্রহণ করা হয়। চীন ছাড়াও সিঙ্গাপুর, মালোয়েশিয়াসহ আরও ১১টি দেশে চীনাভাষা ব্যবহৃত হয়।

চীনাভাষার লিখন পদ্ধতি চিত্রলিপিভিত্তিক। তাই এই ভাষায় কোন আনুষ্ঠানিক বর্ণমালা নেই, আছে শব্দের প্রতিনিধিত্বশিল অক্ষর। এই ভাষায় আগে অনেক বেশি অক্ষর ছিল এবং যেকেউ নতুন অক্ষর তৈরি করতে পারত, ফলে দিনে দিনে অক্ষর সংখ্যা বেড়েই যাচ্ছিল। ২০১৩ সালে চীন সরকার অক্ষরের সংখ্যা, আকৃতি ও উচ্চারণ নির্দিষ্ট করে ফরমান জারি করেন। বর্তমান চীনাভাষায় ২০০ টি মৌলিক অক্ষর বা বর্ণ আছে, জটিল অক্ষরসহ মোট অক্ষররের সংখ্যা ৮১০৫টি, যার মধ্যে ৩৫০০টি দৈনন্দিন লেখার জন্য ব্যবহৃত হয়। প্রতিটা অক্ষরেরই নিজস্ব অর্থ আছে। চীনের সব অঞ্চলের উপভাষাতেই এই একই চিত্রলিপিভিত্তিক লিখন পদ্ধতি ব্যবহার করা হয় ফলে লিখিত সব চীনা উপভাষাই তারা সবাই বুঝতে পারেন। বিশ্বের প্রায় ১২০ কোটি মানুষের (পৃথিবীর মোট জনসংখ্যার ১৬%) মাতৃভাষা চীনা। নিকট প্রতিবেশী হওয়ায় বিপুল সংখ্যক বাংলা শব্দের সাথে চীনা শব্দের উচ্চারণ ও অর্থগত মিল আছে।

আন্তর্জাতিক স্তরে বর্তমানে বিশেষত পাশ্চাত্যের যুব সমাজে চীনাভাষা বিশেষ আকর্ষণ সৃষ্টি করতে সক্ষম হয়েছে। কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান অনুসারে ১৯৯১ সালে মাত্র ৫০০০ বিদেশী ছাত্র ছাত্রী চীনাভাষা দক্ষতার পরীক্ষা দিয়েছিল কিন্তু ২০১০ সালে ৭৫০০০০ মানুষ এই পরীক্ষা দিয়েছে। ২০১৫ সালে আমেরিকা যুক্তরাষ্ট্রে প্রায় পঞ্চাশ হাজার ছাত্র ছাত্রী চীনা ভাষা শিখেছিল। দ্বিতীয় ভাষা হিসাবে চীনাভাষার চাহিদা বেড়ে চলেছে। চীনা

শিক্ষা মন্ত্রণালয়ের মতে, বিশ্ব ব্যাপি চীনাভাষা ও সংস্কৃতি শেখার জন্য প্রায় ৫০০টা কনফুসিয়াস ইন্সটিটিউট (孔子学院 kǒngzi xuéyuàn) আছে।

চীনা ভাষার ব্যাকরণ সহজ-সরল। কর্তা এবং কালের পরিবর্তনের সঙ্গে ক্রিয়ার রূপের কোনো পরিবর্তন হয় না। যেমন ধরা যাক 'যাওয়া' (去 qù ছুই) একটি ক্রিয়া। আমি, তুমি, আপনি, তুই, সে ইত্যাদি কর্তার সঙ্গে বাংলার মতো যাই, যাও, যান, যাস, যায় ইত্যাদি, আবার কালের পরিবর্তনে যাচ্ছেন, যাবেন, যেতেন, গেলেন, গিয়েছিলেন প্রভৃতি শব্দে রূপান্তরিত না হয়ে এক এবং অভিন্ন রূপে অপরিবর্তিত থাকে। চীনা বাক্যের মৌলিক অংশের গঠনপ্রকৃতি ইংরেজীর মতো (কর্তা + ক্রিয়া + কর্ম)। যেমন: I go to work চীনা ভাষায় হচ্ছে 'ওয়া ছুই কোংচুঅ' (我去工作。wǒ qù gōngzuò.)। এখানে 'ওয়া' মানে আমি। 'ছুই' মানে যাওয়া আর 'কোংচুঅ' মানে চাকরি করা। চীনা বাক্যের অন্যান্য অংশের গঠন বাংলা বাক্যের গঠনপদ্ধতি র মত। যেমন: আমি আগামি কাল বাড়ি ফিরব--'ওয়া মিংথিয়েন হুঈ যিয়া' (我明天回家。wǒ míngtiān huí jiā.)। মিংথিয়েন মানে আগামি কাল, হুঈ মানে ফেরা, যিয়া মানে বাড়ি।

চীনাভাষার গঠনপদ্ধতি অনেক সহজ হওয়ায় এই ভাষা শেখাও অনেক সহজ। তবে এই ভাষার শব্দের উচ্চারণ, অর্থ এবং লিখন পরস্পরের মধ্যে সমন্বয় কম, ফলে সবগুলো আলাদা করে শিখতে হয়। আবার চীনা শব্দ পাঁচটা ভিন্ন স্বরে উচ্চারিত হয়। বাংলা ভাষায় এরকম স্বরপার্থক্য না থাকায় বাঙালীদের জন্য বিশুদ্ধ উচ্চারণ শিখতে একটু বেশি অনুশীলন করতে হয়। প্রাথমিক শিক্ষার সময় কোন শিক্ষকের সাহায্যে শিখলে উচ্চারণ অধিকতর শুদ্ধ হওয়ার আশা করা যায়। এছাড়া গতিশীলভাবে চীনা ভাষা বলার জন্য অনেক শোনা এবং বলাও দরকার।

汉字和写法 চীনা অক্ষর ও তা লেখার কৌশল

চীনা ভাষায় বাংলা বা ইংলিশ ভাষার ক, খ, গ, ঘ বা A, B, C, D এমন ধ্বনির প্রতিনিধিত্বকারী বর্ণমালা নেই, আছে শব্দাংশ বা অক্ষর, যার প্রত্যেকটির একটি অর্থ আছে। আধুনিক চীনা ভাষায় ৮,১০৫ টি অক্ষর (汉字 hàn zì) ও ৮,৬৩৫টি উচ্চারণ আছে। এর মধ্যে ২০০টি অক্ষরকে মৌলিক অক্ষর (部首 bùshǒu - বর্ণতুল্য) গণ্য করা হয়, বাকি সবই জটিল অক্ষর। জটিল অক্ষরগুলোর দু'টি অংশ থাকে, অর্থ চিহ্ন ও উচ্চারণ চিহ্ন। মৌলিক অক্ষরগুলোকে সংক্ষিপ্ত রূপ দিয়ে বা না দিয়েও যুক্তাক্ষরের বাম দিকের অর্থেরচিহ্ন হিসাবে ব্যবহৃত হয়। আর ডান দিকের চিহ্ন উচ্চারণ অংশ হিসাবে গণ্য হয়। মৌলিক ও জটিল মিলিয়ে মোট ৩৫০০টি অক্ষরকে চীনা ভাষায় দৈনন্দিন সর্বোচ্চ ব্যহৃত অক্ষর বলে ধরা হয়, যা মানব জীবনের প্রায় ৮০% ক্ষেত্রে ব্যবহৃত হয়।

চীনা অক্ষরকে কতকগুলো ক্ষুদ্র অংশে ভাগ করা হয়। এই অংশকে বলা হয় ঘাত (笔画 bǐ huà)। ঘাতগুলো হচ্ছে ভূমিক (一横 héng), খাড়া (丨竖 shù), বাম নিম্নমুখি (丿撇 piē), ডান নিম্নমুখি (㇏捺 nà), ফোটা (、点 diǎn), আঁকশা (亅钩 gōu), বাঁকা (乛, ㄴ, 乙折 zhé) প্রভৃতি।

চীনা অক্ষর লিখতে সাধারণভাবে বর্গাকৃতি মেনে চলা হয় এবং অক্ষর গুলো বাম থেকে ডানে সারিবদ্ধভাবে লেখা হয়। চীনা অক্ষর লেখার সাধারণ নীতিগুলো হলঃ

১	ভূমিক ঘাত খাড়া ঘাতের আগে লিখতে হয়।	十
২	বাম নিম্নমুখি ঘাতকে ডান নিম্নমুখি ঘাতের আগে লিখতে হয়।	人
৩	উপর থেকে নিচের দিকে লিখতে হয়।	三
৪	বাম থেকে ডান দিকে লিখতে হয়।	什
৫	অক্ষরে যদি উপরের দিক থেকে খাঁচা থাকে তাহলে খাঁচাটা আগে লিখতে হয়।	同
৬	অক্ষরে যদি নিচের দিক থেকে খাঁচা থাকে তাহলে খাঁচাটা পরে লিখতে হয়।	凶
৭	অক্ষরে ভেতরের অংশ আগে লিখে খাঁচার নিচের দিকটা সবশেষে বন্ধ করতে হয়।	国
৮	সমান্তরিক অক্ষরের ক্ষেত্রে মাঝের অংশ আগে লিখতে হয়।	小

汉字的发音 চীনা অক্ষরের উচ্চারণ (拼音 pīn yīn)

আধুনিক চীনা অভিধানে চীনা অক্ষরের (汉字 hàn zì) সম্ভব্য উচ্চারণ ১৯৫৮ সাল থেকে রোমান বর্ণে লেখা হচ্ছে। এই পদ্ধতিকে ফ্বিনিন (拼音pīn yīn) বলা হয়। বাংলায় অনেক চীনা অক্ষরের বিশুদ্ধ উচ্চারণ লেখা প্রায় অসম্ভব। চীনা অক্ষরের উচ্চারণ বাংলায় লেখার জন্য এখন পর্যন্ত কোন সর্বসম্মত মানও তৈরি হয় নি। আমরা রোমান বর্ণের সাথে মিল রেখে বাংলায় নিম্নরূপে চীনা ব্যঞ্জনধ্বনি ও স্বরধ্বনি উচ্চারণের চেষ্টা করতে পারি। তবে বিশুদ্ধ চীনা উচ্চারণ অবশ্যই কোন শিক্ষকের সাহায্যে শিখতে হবে।

ব্যঞ্জনধ্বনি (২৩টি) (声母 shēng mǔ - initials)				
b ব, প c ছ * d দ, ত f ফ * g গ, ক	h হ j য, চ * k খ L ল m ম	n ন p ফ্ব * q ছ * r র s স/ ছ *	t থ w ও x স্ব * y ই z চ, জ	ch ছ * sh শ * zh চ্ব, জ্ব*

স্বরধ্বনি (৩৪টি) (韵母 yùn mǔ - finals)					
a আ /া ai আই an আন ang আং ao আও	e অ ei এই en এন eng অং er আর	i ই / ি ia ইয়া ian ইয়েন iang ইয়াং iao ইয়াও ie ইয়ে in ইন ing ইং iong ইওং iu ইউ	o ও /ো ong ওং ou ঔ/ৌ	u উ/ ু উই** ua উয়া uai উয়াই uan উয়ান উইয়ান ** uang উয়াং ue উয়ে ui উই un উন উইন** uo উঅ	ü উউই * üe উউইয়ে *

* তারকা চিহ্নিত অক্ষরঃ এই অক্ষরগুলোর উচ্চারণ একটু বিশেষায়িত।

** চিহ্নিতউচ্চারণঃ j, q, x, y এই চারটি বর্ণের পরে u বর্ণটি আসলে এইরূপ উচ্চারণ হয়। কারণ এই u বর্ণটি আসলে ü বর্ণ ছিল, যেহেতু এদের অন্য উচ্চারণ নেই তাই পরিবর্তন করে সাধারণ u লেখা হয়।

বিশেষায়িত উচ্চারণ ধারণা

রোমান	বাংলা	মানুষের মুখের সম্ভব্য উচ্চারণ স্থান
c	ছ	উপর নীচ উভয় পাটির দাঁত একসাথে রেখে জ্বিহবার আগা উভয় পাটির দাঁতের সংযোগ স্থল স্পর্শ করে এই ধ্বনি উচ্চারণ করতে হয়। এই সময় ফুসফুস থেকে আসা বাতাসের চাপ বেশি থাকতে হয়।
f	ফ	উপরের পাটির দাঁতের সাথে নিচের ঠোঁট মিলে এই ধ্বনি উচ্চারিত হয়। ফুসফুস থেকে বাতাস বেরিয়ে যাওয়ার সময় মুখ বিবরে ঘসা লেগে, চাপ খেয়ে এক ধরণের শিস ধ্বনির সৃষ্টি হয়, এই ধ্বনি উচ্চারণে শ্বাস বায়ু সম্পূর্ণরূপে বাধাপ্রাপ্ত হয়।
j	য, চ	উপরের পাটির দাঁতের মূলে জিহ্বার আগা স্পর্শ করলে এই ধ্বনি সৃষ্টি হয়। এই সময় ফুসফুস থেকে আসা বাতাসের চাপ কম থাকতে হয়।
p	ফ্ব	নীচ উপর উভয় ঠোঁট মিলে এই ধ্বনি সৃষ্টি হয়। ফুসফুস থেকে আসা বাতাসের চাপ অনেক বেশি থাকতে হয়।
q	ছ	উপরের পাটির দাঁতের মূলে জিহ্বার আগা স্পর্শ করলে এই ধ্বনি সৃষ্টি হয়। এই সময় ফুসফুস থেকে আসা বাতাসের চাপ বেশি থাকতে হয়।
s	স	জ্বিহবার অগ্রভাগ নিচের পাটির দাঁতের নিচে স্পর্শ করলে এই ধ্বনি উচ্চারিত হয়। ফুসফুস থেকে বাতাস বেরিয়ে যাওয়ার সময় মুখ বিবরে ঘসা লেগে, চাপ খেয়ে এই শিস ধ্বনির সৃষ্টি হয়, এই সময় শ্বাস বায়ু বাধাপ্রাপ্ত হয়। যেমন সালামের ‘স’।
x	স্ব	জ্বিহবার অগ্রভাগ নিচের পাটির দাঁতের নিচে ভেতর দিকে একটু বাঁকা হয়ে স্পর্শ করলে এই ধ্বনি উচ্চারিত হয়। ফুসফুস থেকে বাতাস বেরিয়ে যাওয়ার সময় মুখ বিবরে ঘসা লেগে, চাপ খেয়ে এ ধরণের শিস ধ্বনির সৃষ্টি হয়, এই ধ্বনি উচ্চারণে শ্বাস বায়ু সম্পূর্ণরূপে বাধাপ্রাপ্ত হয়। যেমন স্বাধিনতার ‘স্ব’।
z	চ, জ	মুখ গহ্বর একটু প্রসারিত করেও জ্বিহবার অগ্রভাগ উপরের পাটির দাঁতের নিচে স্পর্শ করে এই ধ্বনি উচ্চারণ করতে হয়। এসময় ফুসফুস থেকে আসা বাতাসের চাপ কম থাকতে হয়।
ch	ছ	জ্বিহবার আগা উপরের দিকে বাঁকা হয়ে উপরের শক্ত তালুর মধ্যভাগ স্পর্শ করলে এই ধ্বনি সৃষ্টি হয়। এই সময় ফুসফুস থেকে জোরে বাতাসের বের করতে হয়।
sh	শ	জ্বিহবার আগা উপরের দিকে বাঁকা হয়ে উপরের শক্ত তালুর মধ্যভাগ স্পর্শ করলে এই ধ্বনি সৃষ্টি হয়। এই সময় ফুসফুস থেকে জোরে বাতাসের বের করতে হয়।
zh	চ্ব, জ্ব	জ্বিহবার আগা উপরের দিকে বাঁকা হয়ে উপরের শক্ত তালুর মধ্যভাগ স্পর্শ করলে এই ধ্বনি সৃষ্টি হয়। এই সময় ফুসফুস থেকে জোরে বাতাসের বের করতে হয়।
ü	উউই	নীচ উপর উভয় ঠোঁট মিলিয়ে একটু গোলাকৃতি করে ভেতরে জিহ্বাও গোলাকৃতি করে শিস দেয়ার মত করে উ+ই ধ্বনি উচ্চারণ করতে হয়।

汉语声调 চীনা উচ্চারণে স্বরমাত্রা (声调 shēng diào)

চীনা উচ্চারণের ক্ষেত্রে মানুষের উচ্চারিত ধ্বনির উচ্চতাকে ৫ ভাগে ভাগ করা হয়। চীনা শব্দগুলি এই পাঁচটি ভিন্ন স্বরমাত্রায় উচ্চারিত হয়। এই স্বরমাত্রাগুলি বোঝানোর জন্য রোমান বর্ণে লেখা ফ্বিনিনের (উচ্চারণ) স্বরবর্ণের উপর চারটি ভিন্ন চিহ্ন ব্যবহার করা হয়।

১ম) সমতল, কিছুটা উচ্চ ও সমমাত্রার দীর্ঘায়িত স্বর, (ব্যবহৃত স্বরমাত্রা ৫-৫,ব্যবহৃত চিহ্ন –, ā)।

২য়) উর্ধ্বমুখি, মধ্যম থেকে উচ্চমাত্রায় ওঠার স্বর, (ব্যবহৃত স্বরমাত্রা ৩-৫,ব্যবহৃত চিহ্ন/, á)

৩য়) ঢেউ খেলানো, নিম্ন-মধ্যম থেকে নিম্নে নেমে আবার উচ্চ-মাধ্যম মাত্রায় ওঠার স্বর, (ব্যবহৃত স্বরমাত্রা ২-১-৪,ব্যবহৃত চিহ্ন V, ǎ)

৪র্থ) নিম্নমুখি, উচ্চ মাত্রায় শুরু হয়ে নিম্ন মাত্রায় নামার স্বর, (ব্যবহৃত স্বরমাত্রা ৫-১, ব্যবহৃত চিহ্ন \, à)

৫ম) স্বাভাবিক, এটি স্বাভাবিক স্বর হওয়াই এর কোন বিশেষ চিহ্ন নেই। যথাঃ a

কিন্তু বাংলা ভাষায় এরূপ চিহ্ন দেয়ার কোনো প্রচলন নেই। তাই বাংলা ভাষায় চীনা উচ্চারণের স্বরমাত্রা বোঝানো সবিশেষ কঠিন। আমরা ১ম ও ৩য় স্বরমাত্রা বোঝানোর জন্য ক্ষেত্র বিশেষে দুটি অতিরিক্ত স্বরবর্ণ ব্যবহার করতে পারি। তৃতীয় মাত্রা বোঝার জন্য প্রয়োজনীয় স্থানে ব্যবহৃত অতিরিক্ত ১ম স্বরবর্ণটি কিছুটা ছোট করে লেখা যেতে পারে। পাঁচ স্বরের উদাহরণ নীচে দেয়া হল।

妈（mā মাআ）মা; 麻（má মা）আঁশ; 马（mǎ মা[আ]আ）ঘোড়া; 骂（mà মা）গালি দেয়া; 吗（ma মা）কি।

উচ্চারণের ক্ষেত্রে দুইটা স্থানে স্বরের পরিবর্তন হয়। যথাঃ

(১) একই স্বরের একই উচ্চারণের দুটি অক্ষর পাশাপাশি বসে সম্বোধন পদ হিসাবে ব্যবহৃত হলে ২য় অক্ষরটি স্বাভাবিক স্বরে পরিণত হয়। যেমনঃ 妈妈（mā ma মাআমা）মা; 奶奶（nǎinai না[আ]ই নাই）দাদি।

(২) ৩য় স্বরের দুটি অক্ষর পাশাপাশি বসলে সম্বোধনপদ ছাড়া অন্য সকল ক্ষেত্রে ১ম অক্ষরটি ২য় স্বরে পরিণত হয়। যেমনঃ感想（gǎnxiǎngগান স্বি[আ]য়াং）অনুভূতি।

চীনা ভাষার শব্দগুলির স্বরমাত্রা উচ্চারণে তারতম্য হলে শব্দের অর্থের পরিবর্তন হয়ে যায় তাই চীনাশব্দের উচ্চারণের সময় স্বরমাত্রা ব্যবহারে যত্নশীল হতে হবে।

চীনা উচ্চারণের কিছু স্থানে স্বরসন্ধি লক্ষণীয়। যথাঃ

(১) 'ন' দিয়ে উচ্চারণ শেষ হয়েছে এমন কোনো অক্ষরের পরে 'উ' দিয়ে শুরু হয়েছে এমন কোন অক্ষর বসলে প্রথম অক্ষরের 'ন' স্বর পরিবর্তিত হয়ে 'ই'-এ রূপান্তরিত হয়। যেমনঃ 汉语（hàn yǔ）হান+উঈ= হাঁইউঈ (চীনা ভাষা)

(২) 'ন' দিয়ে উচ্চারণ শেষ হয়েছে এমন কোনো অক্ষরের পরে 'আ' দিয়ে শুরু হয়েছে এমন কোন অক্ষর বসলে প্রথম অক্ষরের 'ন' স্বর বিলুপ্ত হয়। যেমনঃ 点儿（diǎn er）দিয়েএন + আর = দিঈয়ার (কিছু)

(৩) 'ন' দিয়ে উচ্চারণ শেষ হয়েছে এমন কোনো অক্ষরের পরে 'ম' দিয়ে শুরু হয়েছে এমন কোন অক্ষর বসলে প্রথম অক্ষরের 'ন' স্বর পরিবর্তিত হয়ে 'ম'-এ রূপান্তরিত হয়। যেমনঃ 怎么（zěn me）জেএন + মঅ = জেম্ম (কেমন)।

পাঁচ স্বরের উদাহরণ

	1	2	3	4	5
1	今天 jīntiān আজ	中国 zhōngguó চীনদেশ	冰水 bīngshuǐ বরফপানি	发现 fāxiàn বুঝতে পারা	真的 zhēnde সত্যি
2	明天 míngtiān আগামি কাল	明年 míngnián আগামি বছর	从此 cóngcǐ এখন থেকে	容易 róngyì সহজ	什么 shénme কি
3	打工 dǎgōng অস্থায়ী চাকরি করা	起床 qǐchuáng ঘুম থেকে ওঠা	你好 nǐhǎo আদাব	炒饭 chǎofàn ভাজা ভাত	我的 wǒde আমার
4	面包 miànbāo পাওরুটি	问题 wèntí প্রশ্ন	这里 zhèlǐ এখানে	再见 zàijiàn বিদায়	谢谢 xièxie ধন্যবাদ
5		驴 lǘ গাধা	女 nǚ মেয়ে	效率 xiào lǜ দক্ষতা	抢掠 qiǎng lüè লুট করা

一级语法 yījí yǔfǎ প্রথম স্তরের ব্যাকরণ

চীনা ব্যাকরণঃ চীনা ব্যাকরণ হচ্ছে চীনা ভাষার শব্দ গঠন এবং বাক্য গঠনের নিয়মাবলী।
汉语语法: 汉语语法是汉语的构词和造句的规则。

আমরা প্রতিনিয়ত অনেক কথা বলি। কথা বলতে যেয়ে কখনও একটি মাত্র শব্দ বলে অনেক কিছু বুঝিয়ে দেই, আবার কখনও পূর্ণাঙ্গ বাক্য ব্যবহার করি। শব্দ বা বাক্য অসংখ্য হলেও তার গঠন মাত্র অল্প কিছু নিয়ম মেনে চলে। এই নিয়মগুলিই ভাষার ব্যাকরণ। সুতরাং শব্দ, শব্দের অংশ বা অক্ষর ও বাক্যই ব্যাকরণের আলোচ্য বিষয়।
বাংলা ব্যাকরণ এবং চীনা ব্যাকরণের মধ্যে অনেক বিষয়ে মিল আছে, আবার কিছু বিষয়ে অমিলও আছে। তবে অমিলের পরিমান খুবই কম। তাই বাংলা ব্যাকরণ ভালোভাবে বুঝলে চীনা ব্যাকরণ বুঝা সহজ হয়ে যাবে।

অক্ষরঃ ভাষার উচ্চারিত ধ্বনির সবচেয়ে ছোট অংশই অক্ষর (তার অর্থ থাকুক বা না থাকুক)।
语素（yǔsù）： 语素是语言中音义结合的最小单位。

বাংলা ভাষায় এক বা একাধিক বর্ণ মিলে একটি অক্ষর হয়। কিন্তু চীনা ভাষায় পৃথক বর্ণমালা না থাকায় প্রতিটা হানজি（汉字 hànzì）একটি অক্ষর বা উয়িসু হিসাবে গণ্য হয়। বাংলা ভাষায় অক্ষরের নিজস্ব কোন অর্থ থাকে না, কিন্তু চীনা ভাষায় অধিকাংশ ক্ষেত্রে অক্ষরের (হানজির) নিজস্ব অর্থ থাকে, যেমন（子女 zǐnǚ）, এখানে （子 zǐ）ছেলে,（女 nǚ）মেয়ে বা একসাথে সন্তান। তবে কোন বিশেষ শব্দের ক্ষেত্রে এই অর্থ প্রযোজ্য নাও হতে পারে, যেমন（刷子 shuāzi ব্রাশ）। এখানে（子 zi）আগের অক্ষরের সাহায্যকারী হিসাবে ব্যবহৃত হয়েছে মাত্র, তার নিজস্ব অর্থ প্রযোজ্য নয়। আধুনিক চীনা ভাষায় অনেক হানজির নিজস্ব অর্থ নেই（葡萄 pútao আঙ্গুর）, এই হানজি দুটির পৃথকভাবে নিজস্ব কোন অর্থ নাই। আবার অনেক ক্ষেত্রেই নিজস্ব অর্থ থাকলেও এককভাবে কোন অর্থ প্রকাশ করতে পারে না, যেমন（人们 rénmen）। এই（们 men）অক্ষরটা নাম পদকে বহুবচন করার জন্য ব্যবহৃত হয়, এককভাবে তার কোন ব্যবহার নেই।

শব্দঃ ভাষায় উচ্চারিত ধ্বনির স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে এমন সবচেয়ে ছোট অংশই শব্দ।
词 (cí)： 词是语言中最小的能够自由活动的单位。

পদঃ বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দই পদ। যেমনঃ মা ভাত রাঁধছে（妈做饭 mā zuòfàn）। এই বাক্যে তিনটি শব্দ আছে মানেই তিনটি পদ আছে। এক বা একাধিক অক্ষর মিলে একটি শব্দ বা পদ হয়। এখানে 'মা' এক অক্ষর এক পদ, 'ভাত' দুই অক্ষর (ভা + আত) এক পদ, 'রাঁধছে' এটিও দুই অক্ষর (রাঁধ + ছে) এক পদ। এখানে চীনা ভাষায় দু'টি পদ আছে।（妈 mā）এক অক্ষর এক পদ।（做饭 zuò fàn）দুই অক্ষর এক পদ । চীনা ভাষায় পদকে অনেক ভাগে ভাগ করা হয়েছে।

A.1.1 词类 (cílèi) পদ প্রকরণঃ চীনা ভাষায় পদ ১৫ প্রকার। যথাঃ

(১) **名词** (míng cí）বিশেষ্য, নাম পদ

(২) **处所词** (chùsuǒ cí）স্থানবাচক পদ

(৩) **时间词** (shíjiān cí）সময়বাচক পদ

(৪) **方位词** (fāngwèi cí）দিকবাচক পদ

(৫) **数词** (shù cí）সংখ্যাবাচক পদ

(৬) **量词** (liàng cí）পরিমাপবাচক পদ

(৭) **动词** (dòng cí）ক্রিয়া পদ

(৮) **形容词** (xíngróng cí）বিশেষণ পদ

(৯) **代词** (dài cí）সর্বনাম পদ

(১০) **副词** (fù cí）ক্রিয়াবিশেষণ পদ

(১১) **介词** (jiè cí）অব্যয় পদ

(১২) **连词** (lián cí） সংযোযোক অব্যয় পদ

(১৩) **助词** (zhù cí）সহায়ক প্রত্যয় পদ

(১৪) **叹词** (tàn cí） বিস্ময়বাচক পদ

(১৫) **象声词** (xiàng shēng cí）অনুকার পদ

A.1.1.1 名词 míngcí বিশেষ্য বা নাম পদঃ

যে পদের দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, সমষ্টি, স্থান, কাল, ভাব, কাজ, বা গুণের নাম বোঝায়, তাকে বিশেষ্য পদ বলে। যেমন: করিম, সালমা, মানুষ, গরু, বই, খাতা, পশু, পাখি, সভা, সমিতি, ঢাকা, খুলনা, করণ, ধারণ, পঠন, শ্রুতি, খাবার, শয়োন, ইত্যাদি। বিশেষ্যকে নানা ভাগে ভাগ করা যায়। যেমনঃ ব্যক্তিবাচক, দিকবাচক, সময় বাচক, স্থানবাচক ইত্যাদি।

【一 01】**方位名词** fāngwèi míngcí দিকবাচক বিশেষ্যঃ

অবস্থান পরিপুরক নামপদ গঠন করতে দিকবোধক নামপদের পরে **“边** biān**”** বসাতে হয়। কোন বস্তুর সাপেক্ষে হলে বস্তুর নামের পরে দিকবোধক নামপদ বসাতে হবে।

上 shàng উপর; **下** xià নিচ; **里** lǐ ভিতর; **外** wài বাহির; **前** qián সম্মুখ; **后** hòu পিছন; **左** zuǒ বাম; **右** yòu ডান; **东** dōng পূর্ব; **南** nán দক্ষিণ; **西** xī পশ্চিম; **北** běi উত্তর; **上边** shàngbian উপরে; **下边** xiàbian নীচে; **里边** lǐbian ভিতরে; **外边** wàibian বাইরে; **前边** qiánbian সামনে; **后边** hòubian পিছনে; **左边** zuǒbiān বামে; **右边** yòubiān ডানে; **东边** dōngbian পূর্বে; **南边** nánbian দক্ষিণে; **西边** xībian পশ্চিমে; **北边** běibian উত্তরে।

নীচে কিছু বাক্যে এগুলোর ব্যবহারের উদাহরণ দেয়া হল।

উদাহরণঃ

桌子上 zhuōzi shàng টেবিলের উপর

树下 shù xià গাছের নিচে

房间里 fángjiān lǐ ঘরে, ঘরের ভিতরে

们外 men wài বাইরে

楼前 lóu qián ভবনের সামনে

门后 mén hòu দরজার পিছনে

桌子上边 zhuōzi shàngbian টেবিলের উপরে

书包里边 shūbāo lǐbian স্কুলব্যাগের ভিতরে

饭店的前边 fàn diàn de qiánbian হোটেলের সামনে

图书馆的北边 túshū guǎn de běibian পাঠাগারর উত্তরে

东边的车站 dōngbian de chēzhàn পূর্ব দিকের স্টেশন

南边的房子 nánbian de fángzi দক্ষিণের ঘর

书在桌子上 shū zài zhuōzi shàng বই টেবিলের উপর আছে।

手机在书包里 shǒujī zài shūbāo lǐ ফোন স্কুল ব্যাগে আছে।

房间里没有人 fángjiān lǐ méiyǒu rén ঘরে কেউ নেই।

他去东边的车站 tā qù dōngbian de chēzhàn. সে পূর্ব দিকের স্টেশনে যাচ্ছে।

A.1.1.2 动词 dòngcí ক্রিয়া পদঃ
যে পদের দ্বারা কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। যেমনঃ করা, ধরা, মারা, হওয়া, যাওয়া, নাড়া, চড়া, পড়া, শোনা, খেলা, খাওয়া, বসা, শোয়া, ঘুমান ইত্যাদি।

【一 02】 **能愿动词** néng yuàn dòngcí ধারণাবাচক ক্রিয়া পদঃ
会 huì হওয়া, পারা; **能** néng পারা।
উদাহরণঃ
我不会说中文. wǒ bù huì shuō zhōngwén. আমি চীনা ভাষা বলতে পারি না।
明天你能来吗？ míngtiān nǐ néng lái ma? আপনি কি আগামী কাল আসতে পারবেন?

【一 03】**能愿动词** néng yuàn dòngcí ধারণাবাচক ক্রিয়া পদঃ
想 xiǎng চাওয়া, ভাবা; **要** yào চাওয়া।
উদাহরণঃ
我想学中文。wǒ xiǎng xué zhōngwén.
আমি চীনা ভাষা শিখব (শিখতে চাই)।

他要去书店。tā yào qù shūdiàn.
সে বইয়ের দোকানে যাবে (যেতে চাই)।

A.1.1.3 代词 dàicí সর্বনাম পদঃ

নামের বিকল্প হিসাবে যেসব পদ ব্যহার করা হয় তাই সর্বনাম পদ। যেমনঃ আমি, তুমি, সে, তারা ইত্যাদি। বাক্যের সৌন্দর্য বৃদ্ধির জন্য সর্বনাম পদ ব্যবহৃত হয়।

【一 04】疑问代词 yíwèn dàicí জিজ্ঞাসাবাচক বা প্রশ্নমূলক সর্বনামঃ

জিজ্ঞাসাবাচক সর্বনাম হল জিজ্ঞাসাবাচক বাক্য গঠন করতে ব্যবহৃত হয় এমন এক প্রকার সর্বনাম। জিজ্ঞাসাবাচক সর্বনামগুলির মধ্যে কে, কি, কেন, কখন, কোথায়, কি ভাবে ইত্যাদি অন্তর্ভুক্ত। এই সর্বনামগুলিকে বাক্যে ক্রিয়াপদের আগে বসানো উচিত। কি, কোনটি, কার কর্মপদ হিসাবে ব্যবহার করা যেতে পারে। বিভিন্ন জিজ্ঞাসামূলক এছাড়াও, অলঙ্কারমূলক প্রশ্ন, অনুমানমূলক প্রশ্নসহ সন্দেহ প্রকাশ করার জন্যও জিজ্ঞাসাবাচক সর্বনামগুলি ব্যবহার হয়।

যেমনঃ

多 duō অনেক/কত; **多少** duōshǎo কত; **几** jǐ কত; **哪** nǎ কোন; **哪儿** nǎ'er কোথায়; **哪里** nǎlǐ কোথায়; **哪些** nǎxiē কোনগুলি; **什么** shénme কি; **谁** shéi কে; **怎么** zěnme কিভাবে।

উদাহরণঃ

他多大？tā duō dà? তার বয়স কত?

你们班有多少个学生？nǐmen bān yǒu duōshǎo ge xuéshēng?
আপনাদের ক্লাসে কতজন ছাত্র আছে?

现在几点？xiànzài jǐ diǎn? এখন কয়টা বাজে?

你喜欢哪个电影？nǐ xǐhuān nǎge diànyǐng? আপনি কোন সিনেমা পছন্দ করেন?

你们去 哪儿？nǐmen qù nǎ'er? তোমরা কোথায় যাবে?

车站在哪里? chēzhàn zài nǎlǐ? স্টেশন কোথায়?

你们班有哪些国家的学生？nǐmen bān yǒu nǎxiē guójiā de xuéshēng?
আপনার ক্লাসে কোন কোন দেশের ছাত্র আছে?

你买什么？nǐ mǎi shénme? তুমি কি কিনছো?

谁是老师？shéi shì lǎoshī? কে শিক্ষক?

你怎么去医院？ nǐ zěnme qù yīyuàn? আপনি কিভাবে হাসপাতালে যাবেন?

【一 05】 人称代词 rénchēng dàicí ব্যক্তিবাচক সর্বনাম

ব্যক্তিবাচক সর্বনাম সাধারণত মানুষের নামের পরিবর্তে ব্যবহৃত হয়। ব্যক্তিবাচক সর্বনাম একবচন, বহুবচন, পুরুষবাচক এবং স্ত্রীবাচক হয়। এগুলি হোলঃ

我 wǒ আমি; **你** nǐ তুমি/আপনি; **您** nín আপনি; **他** tā সে/তিনি (পুং); **她** tā সে/তিনি (স্ত্রী); **我们** wǒmen আমরা; **你们** nǐmen আপনারা; **他们** tāmen তারা (পুং); **她们** tāmen তারা (স্ত্রী)।

উদাহরণঃ

你好，我要两个本子。nǐ hǎo, wǒ yào liǎng ge běnzi。
আদাব! আমি দুইটা খাতা নেব।

您好！nín hǎo！আদাব!

他想喝水。tā xiǎng hē shuǐ. সে পানি খাবে।

她很高 tā hěn gāo. তিনি অনেক লম্বা।

我们去书店，你们去哪儿？wǒmen qù shūdiàn, nǐmen qù nǎ'er?
আমরা বইয়ের দোকানে যাচ্ছি, তোমরা কোথায় যাচ্ছ?

他们是学生。tāmen shì xuéshēng. তারা ছাত্র।

她们是我的同学。tāmen shì wǒ de tóngxué. তারা আমার সহপাঠী।

【一 06】指示代词 zhǐshì dàicí ইঙ্গিতবাচক সর্বনাম

ইঙ্গিতবাচক সর্বনাম হল এমন সর্বনাম যা মানুষ বা জিনিসকে ইঙ্গিত করতে বা চিহ্নিত করতে ব্যবহৃত হয়। ইঙ্গিতবাচক সর্বনামগুলি একটি বাক্যে উদ্দেশ্য, বিধেয়, কর্তা, কর্ম ইত্যাদি হিসাবে ব্যবহার করা যেতে পারে, যা ভাষাকে সংক্ষিপ্ত এবং অর্থপূর্ণ করে তুলে। ইঙ্গিতবাচক সর্বনাম একবচন (এই/ওই) এবং বহুবচন (এইগুলি/সেগুলি) হয়।

这 zhè এই; **那** nà ঐ; **这儿** zhè'er এখানে; **那儿** nà'er সেখানে/ওখানে; **这里** zhèlǐ এখানে; **那里** nàlǐ ওখানে; **这些** zhèxiē এইগুলি; **那些** nàxiē ঐগুলি; **别的** bié de অন্যান্য; **有的** yǒu de কিছু।

উদাহরণঃ

这是谁的手机？ zhè shì shéi de shǒujī? এটা কার ফোন?

她喜欢那个书包。tā xǐhuān nàgè shūbāo. সে ঐস্কুলব্যাগ পছন্দ করে।

这儿很好。zhè'er hěn hǎo. এখানটা খুব ভালো।

我去那儿学习。wǒ qù nà'er xuéxí. আমি ওখানে পড়াশোনা করতে যায়।

你坐这里，弟弟坐那里。nǐ zuò zhèlǐ, dìdì zuò nàlǐ.
আপনি এখানে বসেন, ছোট ভাই ওখানে বসো।

这些书很新。zhèxiē shū hěn xīn. এই বইগুলো একেবারে নতুন।

那些东西都很贵。nàxiē dōngxī dōu hěn guì. ঐজিনিসগুলো খুব দামি।

你还要别的东西吗？ nǐ hái yào bié de dōngxī ma? আপনি কি আর অন্য কিছু চান?

有的同学在休息，有的同学在看书。
yǒu de tóngxué zài xiūxí, yǒu de tóngxué zài kànshū.
কিছু ছাত্র বিশ্রাম নিচ্ছে, কিছু ছাত্র পড়ছে।

A1.1.4 数词 shù cí সংখ্যাবাচক পদঃ
যেসব পদ গণনার জন্য ব্যবহার হয়। যেমনঃ এক, দুই, আট, দশ, একশো, পাঁচশ ইত্যাদি।

【一 07】 一 yī এক; 二 èr দুই / 两 liǎng দুই; 三 sān তিন; 四 sì চার; 五 wǔ পাঁচ; 六 liù ছয়; 七 qī সাত; 八 bā আট; 九 jiǔ নয়; 零 líng শূন্য; 十 shí দশ; 百 bǎi একশ; 半 bàn অর্ধেক; 十五 shí wǔ পনেরো; 一百一十五 yī bǎi yī shí wǔ একশ পনেরো; 二百六(十) èr bǎi liù (shí) দুইশতষাট; 二百零六 èr bǎi líng liù দুইশত ছয়; 十二 shí èr বারো; 二十 èr shí বিশ; 二百 èr bǎi দুইশো; 两百 liǎng bǎi দুইশো;
উদাহরণঃ
两个人 liǎng gèrén দুইজন মানুষ;

两本书 liǎng běn shū দুইটা বই;

八点半 bā diǎn bàn সাড়ে আটটা;

半个小时 bàn gè xiǎoshí আধা ঘন্টা।

A.1.1.5 量词 liàngcí পরিমাপবাচক পদঃ

যে পদ কোনো বিষয় বা বস্তুর পরিমাপ করার মানদণ্ড বোঝায় তাকে পরিমাপবাচক পদ বলে। যেমনঃ টি, টা, খানা, খানি, গাছা, গাছি, কেজি, লিটার, মিটার, ইউনিট, ডিগ্রি প্রভৃতি।

【一 08】 名量词 míng liàngcí নামবাচোক পরিমাপবাচক শব্দঃ

杯 bēi পেয়ালা; **本** běn খাতা; **个** ge টি, টা; **家** jiā বাড়ি; **间** jiān স্থান; **口** kǒu মুখ; **块** kuài টুকরা; **页** yè পৃষ্ঠা।

উদাহরণঃ

两杯牛奶 liǎng bēi niúnǎi দুই পেয়ালা দুধ

三本书 sān běn shū তিনটি বই

四个学生 sì ge xuéshēng চারজন ছাত্র

五家商店 wǔ jiā shāngdiàn পাঁচটি দোকান

六间房子 liù jiān fángzi ছয়টি বাড়ি

三口人 sānkǒu rén তিনজন লোক

七块面包 qī kuài miànbāo সাতটি রুটি

A.1.1.6 副词 fùcí ক্রিয়াবিশেষণ পদঃ

যেসব পদ বা শব্দ ক্রিয়াপদকে বিশেষিত করে, কোনো কাজ কীভাবে সম্পন্ন হয় তা বুঝায় বা ক্রিয়া বা কাজের স্থান, সময়, অবস্থা, মাত্রা প্রভৃতি নির্দেশ করে সেগুলোই ক্রিয়াবিশেষণ পদ।

【一 09】 程度副词 chéngdù fùcí মাত্রাবাচক ক্রিয়াবিশেষণঃ

非常 fēicháng খুব; **很** hěn খুব; **太** tài অতিরিক্ত; **真** zhēn সত্য; **最** zuì সর্বাধিক।

উদাহরণঃ

我非常喜欢这本书。wǒ fēicháng xǐhuān zhèběn shū. আমি এই বইটি খুব পছন্দ করি।

那个本子很好看。nàge běnzi hěn hǎokàn ঐখাতাটা খুব সুন্দর।

这里太冷了。zhèlǐ tài lěng le এখানে খুব ঠান্ডা।

你的房间真干净！nǐ de fángjiān zhēn gānjìng! তোমার ঘরটা সত্যিই পরিষ্কার!

我最喜欢打球。wǒ zuì xǐhuān dǎ qiú. আমার সবচেয়ে পছন্দ বাস্কেট বল খেলা।

【一 10】 范围，协同副词 fànwéi, xiétóng fùcí পরিসীমা ও সমন্বয়বাচক বিশেষণঃ

পরিসীমা ক্রিয়াবিশেষণ বাক্যে ক্রিয়ার সুযোগ, আচরণ, গুণগত অবস্থা বা মাত্রা বর্ণনা করতে ব্যবহৃত হয়। এগুলি চারটি ভাগে বিভক্ত করা যেতে পারে। যথাঃ সাধারণ, আংশিক, সীমিত এবং অনুরূপ। পরিসীমা ক্রিয়াবিশেষণ সাধারণত সংখ্যাবাচক শব্দের পরে বসে সংখ্যাকে নিশ্চিত করে। এগুলি হলঃ

都 dōu সব; **一块儿** yīkuài er একসাথে; **一起** yīqǐ একসাথে।

উদাহরণঃ

同学们都很认真。tóngxuémen dōu hěn rènzhēn. ছাত্ররা সবাই খুব আন্তরিক।

我们常一块儿玩儿。wǒmen cháng yīkuài er wán er. আমরা প্রায়ই একসঙ্গে খেলি।

明天他们一起去图书馆。míngtiān tāmen yīqǐ qù túshū guǎn.
কাল তারা একসাথে পাঠাগারে যাবে।

【一 11】 时间副词 shíjiān fùcí সময়বাচক ক্রিয়াবিশেষণঃ

সময়বাচক ক্রিয়াবিশেষণ হল যা একটি কাজ বা ক্রিয়া সংঘটিত হওয়ার সময় বা কাজের গতি বা সময়কাল প্রকাশ করে। যেমনঃ

马上 mǎshàng শীঘ্রয়; **先** xiān প্রথম; **有时** yǒushí মাঝে মাঝে; **在** zài আছে; **正** zhèng চলছে; **正在** zhèngzài চলছে ইত্যাদি।

উদাহরণঃ

医生马上来。yīshēng mǎ shànglái. ডাক্তার শীঘ্রয় আসবেন।